দৈনিক খবর
অস্থি... 19-NOV 1990
পৃষ্ঠা... 6 ...কলাম.. 2 ...

28

## এইচএসসি'র ফল প্রকাশে ভিন্ন কায়দাঃ

# ফেলের হার ৭০ ।। ছাত্রছাত্রীদের হয়রানির শেষ নেই

।। শিক্ষাঙ্গন রিপোর্ট ।।

দেশের চারটি বোর্ডের এইচএসসি পরীক্ষার ফল প্রকাশিত হয়েছে। তবে প্রতিবারের মত এবার চার বোর্ডের ফলাফল একই সাথে কেন্দ্রীয়ভাবে প্রকাশ করা হয়নি। চার বোর্ডের ফলাফল চারদিনে পৃথকভাবে ঘোষণা করা হয়েছে। এবারে ফেলের হার ৭০ ভাগ।

বেশ কয়েক বছর যাবত সরকারী সিদ্ধান্ত অনুযায়ী দেশের চার বোর্ডের এসএসসি ও এইচএসসি পরীক্ষার ফল একই সাথে প্রকাশ করা হচ্ছিল। কিন্তু এবার কোন রকম পূর্ব ঘোষণা ছাড়াই ঢাকা বোর্ডের ফলাফল গত ৯ই নভেম্বর রাতে ঘোষণা করা হয়। ছাত্রছাত্রীরা জানত চার বোর্ডের ফলাফল একই সাথে ১৫ই নভেম্বর প্রকাশিত হবে। ফলে ৯ই নভেম্বর রাতে আকস্মিক ফল ঘোষণায় ঢাকা বোর্ডের পরীক্ষার্থীদের মধ্যে দৌড়াদৌড়ি পড়ে যায়।

গত কয়েক বছরের নিয়ম ভঙ্গ করে এবার কেন আকস্মিকভাবে ফল প্রকাশ করা হল তার কোন কারণ জানা যায়নি। তবে পৃথকভাবে হলেও ১৫ই নভেম্বরের মধ্যেই চারটি বোর্ডের ফল প্রকাশিত হয়েছে।

চার বোর্ডের ফলাফলে এবার ঢাকা বোর্ডের পাসের হার সর্বোচ্চ। তবে সার্বিকভাবে সকল বোর্ডের পাসের হারই কম। এইচএসসি'তে এবার পাস করেছে ঢাকা বোর্ডে ৩১.৬৭ ভাগ, কুমিল্লা বোর্ডে ৩০.৩১ ভাগ, যশোর বোর্ডে ২৮.১৭ ভাগ ও রাজশাহী বোর্ডে ২৭.৩৯ ভাগ। অর্থাৎ চার বোর্ডের পাসের হার গড়ে প্রায় ৩০ ভাগ মাত্র। ঐ হিসেব অনুযায়ী এবারে এইচএসসি পরীক্ষায় প্রায় ৭০ ভাগ ছাত্রছাত্রী ফেল করেছে। অবশ্য ঢাকা বোর্ডের গতবারের ফলাফলের চেয়ে এবারের ফল কিছুটা ভালো। গতবার ঢাকা বোর্ডে ২৫ ভাগ পাস করেছিল। সে তুলনায় এবারের ফল ভালো হয়েছে। ঢাকা বোর্ডের এবারের ফলাফলে অন্যান্য বোর্ডের তুলনায় প্রথম বিভাগ ও দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ ছাত্রছাত্রীর সংখ্যাও বেশী।

এদিকে চারটি বোর্ডের মধ্যে এবার রাজশাহী বোর্ডের পাসের হর সর্বনিম্ন। রাজশাহী বোর্ডে এবার পাস করেছে ২৭.৩৯ ভাগ। রাজশাহী বোর্ডে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় মোট ৬৬ হাজার ৭শ' ৭৪ জন অংশ নেয়। এর মধ্যে ১ মধ্যে ১ হাজার ৬শ' ৪৬ জন প্রথম বিভাগে, ৯ হাজার ৫শ' ৬ জন দ্বিতীয় বিভাগে ও ৭ হাজার ১শ' ৪৩ জন তৃতীয় বিভাগে পাস করেছে। মোট পাস করেছে ১৮ হাজার ২শ' ৯৫ জন।